

তারিখ: ০২ এপ্রিল ২০২৬

স্মারক নং: বিহ্যাব (অপা:ডি: ০০৭)/নি.ফে.এক্স-২০২৬/০১./২৪৮৫১

বরাবর

সম্মানিত সদস্যবৃন্দ

রিয়াল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)

বিষয়: রিহ্যাব হাউজিং এ্যান্ড ট্রেড এক্সপো, নিউইয়র্ক- ২০২৬ আয়োজন প্রসঙ্গে।

সূত্র: রিহ্যাব (অপা:ডি: ০০৭)/নি.ফে.এক্স-২০২৫/০২/১৪৫১৩, তারিখ: ২২ অক্টোবর ২০২৫

জনাব,

রিয়াল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)-এর পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করুন।

সূত্রে উল্লেখিত পত্রের প্রেক্ষিতে আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী জুলাই ২০২৬-এর শেষ সপ্তাহ অথবা আগস্ট ২০২৬-এর প্রথম সপ্তাহে রিহ্যাব হাউজিং এ্যান্ড ট্রেড এক্সপো, নিউইয়র্ক- ২০২৬ আয়োজনের লক্ষ্যে সার্বিক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এ উদ্দেশ্যে বাংলাদেশে অবস্থিত আমেরিকান দূতাবাসের সংশ্লিষ্ট প্রতিনিধিদের সঙ্গে সভাসহ প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে।

উল্লেখ্য যে, পূর্বে (২০২৫ সালে) রিহ্যাব হাউজিং এ্যান্ড ট্রেড এক্সপো, নিউইয়র্ক- এর জন্য যেসব প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ ভিসার আবেদন করে প্রত্যাখ্যাত হয়েছেন, সেই সকল প্রতিষ্ঠানের অংশগ্রহণ নিশ্চিত সাপেক্ষে রিহ্যাব হাউজিং এ্যান্ড ট্রেড এক্সপো, নিউইয়র্ক ২০২৬-এর জন্য ভিসা আবেদন ফি রিহ্যাব বহন করবে।

আপনাদের সদয় অবগতির জন্য বিষয়টি জানানো হলো। এই আন্তর্জাতিক আয়োজনে আপনাদের প্রতিষ্ঠানের সক্রিয় অংশগ্রহণ একান্তভাবে কাম্য। পরবর্তী করণীয় বিষয়ে রিহ্যাব সচিবালয় হতে যথাসময়ে অবহিত করা হবে।

ধন্যবাদান্তে,

লিলাকত আলী ভূঁইয়া

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট

রিয়াল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)